



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-বাকাশিবো/ক(প)/২০১৭/১৩৯

তারিখ: ০৪ মাঘ, ১৪২৩
১৭ জানুয়ারি, ২০১৭

বিষয় : ছাত্রী(Female) শিক্ষার্থীদের প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র(Male) শিক্ষার্থীদের বদলী প্রসঙ্গে।

এতদ্বারা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এফিলিয়েটেড বালিকা বিদ্যালয়, মহিলা কলেজ, বালিকা/মহিলা মাদরাসা এবং মহিলা বিজনেস ম্যানেজমেন্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ ধরনের কিছু প্রতিষ্ঠানে বর্তমানে ছাত্রী(Female) শিক্ষার্থীদের সাথে ছাত্র(Male) শিক্ষার্থীরাও অধ্যয়ন করছে। এ ব্যাপারে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কম্পিউটার সেল থেকে একটি তালিকা প্রণয়ন করা হয়েছে। এই ধরনের যে সকল ছাত্রী(Female) প্রতিষ্ঠানে ছাত্র(Male) শিক্ষার্থীরা অধ্যয়ন করছে, সেই সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক কে নিজ নিজ প্রতিষ্ঠানের ছাত্র(Male) শিক্ষার্থীদের ২২-০১-২০১৭ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর আবেদন করে সুবিধাজনক ছাত্র(Male) প্রতিষ্ঠানে বদলির পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে ব্যর্থ হলে বোর্ড থেকে উদ্যোগ নিয়ে বদলি কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বোর্ডকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।


স্বাক্ষরিত
(মোঃ আক্তারউজ্জামান)
পরিচালক (কারিকুলাম)
বাকাশিবো, ঢাকা
ফোন : ০২-৯১৪০৬৪৬

স্মারক নং-বাকাশিবো/ক(প)/২০১৭/১৩৯(১০)

তারিখ: ১৭/০১/২০১৭ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৬। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পত্রখানা বিটিইবির ওয়েব সাইটে প্রকাশ সহ)
- ৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
- ৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ১০। নথি।


(ড. প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
কারিকুলাম বিশেষজ্ঞ (ভোকেশনাল)
বাকাশিবো, ঢাকা।